

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
উপদেষ্টার দপ্তর  
বাংলাদেশের সচিবালয়, ঢাকা

**যুব মেলা উদ্বোধনে উপদেষ্টা আসিফ মাহমুদ; এআই'র উপর ট্রেনিং প্রজেক্ট চালু করা হবে**

প্রেস রিলিজ

ঢাকা, ০২ নভেম্বর ২০২৪

বেলুন ও সাদা পায়রা উড়িয়ে যুব মেলা ২০২৪'র উদ্বোধন করেছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া।

আজ (শনিবার) বিকেল ৩টা ১৫ মিনিটে বাংলা একাডেমি প্রাঙ্গণে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত এ মেলার উদ্বোধন করেন তিনি। এবারের যুব মেলায় সারাদেশ থেকে আগত ১১২ জন উদ্যোক্তা ১১২টি স্টলে তাদের পণ্য সম্ভার নিয়ে বসেছেন।

এ সময় অন্তর্বর্তীকালীন সরকারের যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, আমাদের সরকার ১ কোটি ৮০ লাখ বেকারকে সহযোগিতা করবে, নতুন বাংলাদেশ বিনির্মাণে তরুণদের শক্তিকে কাজে লাগাতে হবে।

তরুণদের এগিয়ে আসার আহ্বান জানিয়ে আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেন, উদ্যোক্তা হতে যুব ঋণ দেবে যুব উন্নয়ন অধিদপ্তর। এ ছাড়া সরকার ও জনগণের মধ্যে দূরত্ব কমানো হবে। তিনি আরো বলেন, পার্ট টাইম ট্রাফিকের দায়িত্ব পালন করতে ট্রাফিক পুলিশের সহায়ক পুলিশ নিয়োগ দেবে সরকার। সরকারের সব জায়গায় তরুণদের প্রতিনিধিত্ব নিশ্চিত করা হবে। যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রদত্ত প্রশিক্ষণগুলো আধুনিকায়ন করে যুগোপযোগী করা হবে। এআই'র (কৃত্রিম বুদ্ধিমত্তা) উপর ট্রেনিং প্রজেক্ট চালু করা হবে।

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ড. গাজী মো. সাইফুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মোঃ রেজাউল মাকসুদ জাহেদীর বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আজম সহ মন্ত্রণালয়ের ও দপ্তর সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

মো: নূর আলম

জনসংযোগ কর্মকর্তা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মোবাইল - ০১৭৪৪২৫৯৮৪৩